ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালকের কার্যালয়
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ
পূর্ব শাহী ঈদগাহ, টিবি হাসপাতাল রোড, সিলেট।
ফোন-০২৯৯৭৭০০৪৬০, E-mail: dirfpsyl@gmail.com

## সিলেট পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :-

সভাপতি : জনাব মোঃ মাজহারুল হক চৌধুরী
পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।
সভার তারিখ : ০৩-০৩-২০২৪ খ্রি.
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
পরিশিষ্ট : ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ কার্যালয়সহ আওতাধীন সকল দপ্তর এবং সেবা কেন্দ্রে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রদর্শন এবং এর গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে সভায় নিম্নোক্তভাবে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | ১.১ সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন এবং এর দাপ্তরিক তাৎপর্য বিষয়ক বিশদ আলোচনা করা হয়। | ক) সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক আলোচনা শেষে জানানো হয় প্রতিটি দপ্তরের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন করা আবশ্যক। সকল জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ক্ষেত্রে একই ধরণের সিটিজেন চার্টার প্রণয়ন করার আলোচনা শেষে উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার প্রনীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর খসড়া টি কে একটি আর্দশ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হিসেবে প্রণয়নের লক্ষ্যে বাকি ০৩(তিন) টি জেলার উপপরিচালক গণকে চুড়ান্ত ভাবে দেখে খসড়ার উপস্থাপিত কার্যক্রম সমূহ সংশোধন/সংযোজনের করে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br><br>ক. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার- সভাপতি।<br>খ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট- সদস্য।<br>গ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, হবিগঞ্জ- সদস্য।<br>ঘ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ- সদস্য।<br>ঙ. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট- সদস্য সচিব। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | খ) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়নের জন্য সভায় উপস্থিত উপপরিচালক, পরিবার পরিকল্পনা গণের পরামর্শ অনুযায়ী প্রতিটি জেলা হতে একটি নির্বাচিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, জনাব আবুল মনসুর আসজাদ এর বরাবর প্রেরণ করলে সংশ্লিষ্ট সহকারী পরিচালক ০৪(চার) জেলা হতে প্রেরিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) সমূহ সমন্বয় পূর্বক সিলেট বিভাগের আওতাধীণ সকল উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) প্রণয়ণ করবেন মর্মে সিদ্ধান গৃহীত হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br><br>ক. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার- সভাপতি।<br>খ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট- সদস্য।<br>গ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, হবিগঞ্জ- সদস্য।<br>ঘ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ- সদস্য।<br>ঙ. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট- সদস্য সচিব। |
| | | গ) সভায় জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ন্যায় ০৪(চার) টি জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রে জন্য একই ধরণের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়নের জন্য সংশ্লিষ্ট জেলার মেডিকেল অফিসার (ক্লিনিক) গণ নিজ নিজ জেলার সিটিজেন চাটার প্রণয়ন করে পরস্পরের সহিত সনম্বয় করে বর্ণিত সেবা কেন্দ্রের জন্য একটি আর্দশ সিটিজেন চার্টার প্রণয়ন পূর্বক ডাঃ প্রিয়াংকা পাল চৌধুরী, মেডিকেল অফিসার (ক্লিনিক), সুনামগঞ্জ কে একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br><br>ক. মেডিকেল অফিসার (ক্লিনিক),সিলেট, - সভাপতি।<br>খ. মেডিকেল অফিসার (ক্লিনিক), হবিগঞ্জ - সদস্য।<br>গ. মেডিকেল অফিসার (ক্লিনিক), মৌলভীবাজার - সদস্য।<br>ঘ. মেডিকেল অফিসার (ক্লিনিক), মৌলভীবাজার - সদস্য সচিব। |

অতপর আর বিশেষ কোন আলোচ্য বিষয় না থাকাতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাজহারুল হক চৌধুরী
পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

স্মারক পত্র নং : ৫৯.১১.০০০০.০০৩.১৪.০৩৩.২১- ১৮৭
তারিখ : ০৫-৩-২০২৪ খ্রি.

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০২। পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৪। সহকারী পরিচালক(সমন্বয়/মনিটরিং), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৫। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/সিসি), সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৬। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), সিলেট বিভাগ, সিলেট।
০৭। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)---------------------------------------।
০৯। অফিস নথি।

মোঃ মাজহারুল হক চৌধুরী
পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

CamScanner